

আয-যারিয়াত | Adh-Dhariyat | الذَّارِيَّات

আয়াতঃ ৫১ : ৯

আরবি মূল আয়াত:

يُؤْفِكُ عَنْهُ مِنَ الْفِكِّ ﴿٩﴾

অনুবাদসমূহ:

যে পথভ্রষ্ট হয়েছে তাকেই তা থেকে ফিরিয়ে নেয়া হয়েছে। — আল-বায়ান

যারা সেই (সত্য) মানতে ভুল করে তারাই গুমরাহ। — তাইসিরুল

যে ব্যক্তি সত্যভ্রষ্ট সেই তা পরিত্যাগ করে। — মুজিবুর রহমান

Deluded away from the Qur'an is he who is deluded. — Sahih International

৯. ফিরিয়ে রাখা হয় তা থেকে যে ফিরে থাকে।(১)

(১) এফ্রাঁএর শাব্দিক অর্থ মুখ ফেরানো। এ আয়াতের কয়েকটি অর্থ হতে পারে। (এক) এই সর্বনাম দ্বারা কুরআন ও রাসূলকে বোঝানো হয়েছে। অর্থ এই যে, কুরআন ও রাসূল থেকে সেই হতভাগাই মুখ ফেরায়, যার জন্যে বঞ্চনা অবধারিত হয়ে গেছে। [তাবারী] (দুই) এই সর্বনাম দ্বারা পূর্বের আয়াত বোঝানো হয়েছে; অর্থাৎ এরূপ বিভিন্ন উক্তি বলা থেকে সে ব্যক্তিকেই মুখ ফিরিয়ে রাখা হয়েছে, যাকে আল্লাহ তা'আলা রক্ষা করেছেন এবং তৌফিক দিয়েছেন। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৯) সে ব্যক্তিকে তা হতে বিরত রাখা হয়, যাকে বিরত রাখা হয়েছে। [1]

[1] অর্থাৎ, নবী করীম (সাঃ) এর উপর ঈমান আনা হতে। অথবা সত্য অর্থাৎ, পুনরুত্থানে বিশ্বাস ও একত্ব হতে। কিংবা অর্থ হল, উল্লিখিত মতানৈক্য হতে সেই ব্যক্তিকে বিরত রাখা হয়েছে, যাকে আল্লাহ তাঁর তওফীক দ্বারা বিরত রেখেছেন। প্রথম অর্থ নিন্দনীয় এবং দ্বিতীয় অর্থ প্রশংসনীয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4684>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন